
ইত্তেফাক

146

তারিখ 07 MAR 1986
পৃষ্ঠা ... কলাম 2



আজিমপুর অগ্রণী বালিকা বিদ্যালয়ে এস.এস.সি পরীক্ষা গ্রহণের দৃশ্য —ইত্তেফাক

# এস এস সি পরীক্ষার প্রথম দিন অতিবাহিত

(ইত্তেফাক রিপোর্ট)

গতকাল (বৃহস্পতিবার) সারা দেশের ৪টি শিক্ষা বোর্ডের ১৯৮৬ সালের এসএসসি পরীক্ষার প্রথম দিন কয়েকটি বিচ্ছিন্ন ঘটনা ছাড়া শান্তিপূর্ণভাবে অতিবাহিত হয়। রাজধানী ঢাকা শহরের কোথাও কোন গোলযোগ ঘটে নাই। নির্বিঘ্নে পরীক্ষা অনুষ্ঠিত হইয়াছে।

মফস্বলের অধিকাংশ স্থানে শান্তিপূর্ণভাবে পরীক্ষা অনুষ্ঠিত হইলেও কয়েকটি স্থান হইতে আমাদের সংবাদদাতাগণ গোলযোগের খবর জানাইয়াছেন। তাহাদের প্রেরিত সংবাদে জানা গিয়াছে, কয়েকটি পরীক্ষা কেন্দ্রে গোলযোগের জন্য পরীক্ষা হয় নাই। কয়েকটি কেন্দ্রে গুলীবর্ষণের ঘটনা ঘটিয়াছে। মৌলভী বাজারে গুলীবিদ্ধ হইয়া ১ জনের মৃত্যু ঘটে।

সারা দেশে ১ লক্ষ ৮ হাজার ৫ শত ৯৫ জন মহিলা পরীক্ষার্থী-সহ ৩ লক্ষ ৬৯ হাজার ৯ শত ৪ জন প'ীক্ষার্থী পরীক্ষায় অংশ নেয়। ঢাকা শহরের পরীক্ষা কেন্দ্রগুলির বাহিরে টিফিন ক্যারিয়ার হাতে অভিভাবকদের অপেক্ষা করিতে দেখা গিয়াছে। কেন্দ্রের আশেপাশে ১৪৪ ধারা জারি ছিল। পরীক্ষা কেন্দ্রের বাহিরে কঠোর নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করা হয়। শিক্ষামন্ত্রী প্রফেসর এম, এ, মতীন, তথ্য প্রতিমন্ত্রী আনোয়ার জাহীদ, শিক্ষা উপমন্ত্রী জিয়াউদ্দিন বাবলু এবং শিক্ষা বিভাগের কর্মকর্তাগণ নগরীর বিভিন্ন পরীক্ষা

( ১৬শ পৃঃ ৪-এর কঃ দ্রঃ )

ইত্তেফাক

07 MAR 1986
তারিখ ... 1
পৃষ্ঠা ... কলাম 2

## এস এস সি

( ১ম পৃঃ পর )

কেন্দ্র পরিদর্শন করেন। তাহারা জানাইয়াছেন, সর্বত্র শান্তিপূর্ণভাবে পরীক্ষা অনুষ্ঠিত হইয়াছে।

আজ (শুক্রবার) কোন পরীক্ষা নাই। আগামীকাল (শনিবার) ২৩ দলীয় হরতালের দিনে সকালে এসএসসির ল্যাটিন ভাষার ও বিকালে চামড়ার কাজের পরীক্ষা হওয়ার কর্মসূচী আছে। এসব বিষয়ে পরীক্ষার্থীর সংখ্যা কম। মফস্বলের বেসরকারী স্কুলের কেন্দ্রগুলিতে উপজেলা অফিসার ও প্রাথমিক শিক্ষকগণ গতকাল ইনভিজিলেটরের দায়িত্ব পালন করেন।

আমাদের সংবাদদাতা জানান, চট্টগ্রাম মহানগরী, রাজশাহী, খুলনা, যশোর, দিনাজপুর, ময়মনসিংহ, টাঙ্গাইল, চুয়াডাঙ্গা, বান্দরবন, খাগড়াছড়ি, নওগাঁ, কুড়িগ্রাম, ভৈরব, দাউদকান্দি, কালিগঞ্জ, গাজীপুর, নরসিংদী, পীরগঞ্জ, শিবালয়, রাজবাড়ী, ভেড়ামারা, মাদারীপুর, কালকিনি, রাজৈর, শিবচর, শরীয়তপুর, নড়িয়া, ডামুড্যা, জাজিরা, ভেদরগঞ্জ, গোসাইরহাট, কুমিল্লায় স্বাভাবিক পরিবেশে পরীক্ষা অনুষ্ঠিত হইয়াছে। মানিকগঞ্জ জেলার শিবালয় উপজেলা সদরের পাইলট হাইস্কুল কেন্দ্রে বেসরকারী শিক্ষকগণ পরীক্ষা অনুষ্ঠান সংক্রান্ত দায়িত্ব পালন করিয়াছেন।

এস এস সি পরীক্ষার প্রথম দিনে গতকাল দেশের বিভিন্ন স্থানের পরীক্ষা কেন্দ্রে অসদুপায় অবলম্বনের দায়ে বেশ কিছু সংখ্যক ছাত্রকে বহিষ্কার করা হইয়াছে। ফরিদপুর জেলার ভাঙ্গা কেন্দ্রে ৩ জন, সদরপুর কেন্দ্রে একজন; নারায়ণগঞ্জের একটি কেন্দ্রে একজন, খুলনার তেরখাদা কেন্দ্রে ২ জন, ফুলতলা কেন্দ্রে একজন, টাঙ্গাইল কেন্দ্রে একজন, মধুপুর কেন্দ্রে ২ জন, ঘোড়াশাল কেন্দ্রে একজন, ভাওয়ালের জামালপুর কেন্দ্রে ৪ জন, নরসিংদী জেলার মনোহরদী কেন্দ্রে ৭ জন, রায়পুরা কেন্দ্রে ২ জন, পলাশ কেন্দ্রে এক জন, নরসিংদী সদর কেন্দ্রে একজন, নড়াইল কেন্দ্রে একজন, চুয়াডাঙ্গার জীবননগর হাইস্কুল কেন্দ্রে একজন, রাঙ্গামাটিতে একজন ছাত্রকে বহিষ্কার করা হয়।

আমাদের মৌলভীবাজার সংবাদদাতা জানান, মৌলভীবাজার জেলার কমলগঞ্জ উপজেলায় পুলিশ ও ধর্মঘটী শিক্ষকদের মধ্যে সংঘর্ষে একজন নিহত ও ১২ জন পুলিশ আহত হইয়াছে। আহতদের মধ্যে দুইজনের অবস্থা গুরুতর। কমলগঞ্জ উপজেলা শহর কেন্দ্রে পরীক্ষা শুরুর পূর্বে একজন শিক্ষক পরীক্ষার্থীদের হলে প্রবেশ করিতে বাধা দিলে শিক্ষক ও কর্তব্যরত পুলিশের মধ্যে সংঘর্ষ ঘটে। সংঘর্ষের এক পর্যায়ে পুলিশ ৪ রাউণ্ড ফাকা গুলীবর্ষণ করে। পরিস্থিতি নিয়ন্ত্রণে আসিলে স্বাভাবিকভাবে পরীক্ষা শুরু হয়। কিন্তু পরে শিক্ষকরা পুনরায় পরীক্ষা অনুষ্ঠানে বিঘ্ন সৃষ্টি করিলে পুলিশ-শিক্ষক সংঘর্ষ বাঁধে। পুলিশ পুনরায় ৫ রাউণ্ড গুলীবর্ষণ করে। এই সময়েই অজ্ঞাত পরিচয় এক ব্যক্তি নিহত হয়।

ঈশ্বরদী সংবাদদাতা জানান, ঈশ্বরদী উপজেলার নাজীমউদ্দিন হাইস্কুলে পরীক্ষা শুরুর আধ ঘণ্টা পর ৩টি হাত বোমার বিস্ফোরণ ঘটে। কেহ হতাহত হয় নাই। নির্বিঘ্নে পরীক্ষা সম্পন্ন হয়। লালপুর উপজেলার গোপালপুর হাইস্কুল কেন্দ্রে বহিরাগত কিছুসংখ্যক যুবক ইটপাটকেল নিক্ষেপ করিলে পুলিশ ৫ রাউণ্ড গুলীবর্ষণ করে।

চট্টগ্রাম অফিস জানায়, চট্টগ্রাম মেট্রোপলিটন এলাকার ১০টি পরীক্ষা কেন্দ্রের সবগুলিতে শান্তিপূর্ণভাবে এসএসসি পরীক্ষার ১ম দিবস পালিত হয়। অপরদিকে চট্টগ্রামের ১৪টি উপজেলার ৩২টি কেন্দ্র ও উপকেন্দ্রের মধ্যে ২৮টি কেন্দ্রে শান্তিপূর্ণ পরীক্ষা অনুষ্ঠিত হইয়াছে। তবে রাঙ্গুনিয়া উপজেলার বেগম জাফরজানি বালিকা বিদ্যালয় উপকেন্দ্রে একদল জনতা স্কুলের হলের ছাউনিতে অগ্নিসংযোগ করে। পুলিশ পরিস্থিতি আয়ত্তে আনে। পুলিশ এসময় ১০ রাউণ্ড ফাঁকা গুলীবর্ষণ করে এবং ১২ জনকে গ্রেফতার করে। এসময় পুলিশের সহিত সংঘর্ষে ১০ জন আহত হয়। ঠিক এই ঘটনার পর পরই নিকটস্থ শিলক উচ্চ বিদ্যালয়েও একদল লোক পরীক্ষা কেন্দ্রে বিশৃংখলা সৃষ্টির চেষ্টা করিলে পুলিশ লাঠিচার্জ করে। লোহাগড়া উপজেলার সেলিমবাড়ী হাইস্কুলে এক শ্রেণীর লোক পরীক্ষা কেন্দ্রে ইটপাটকেল ছুঁড়িতে শুরু করিলে পুলিশের সহিত সংঘর্ষে ৭/৮ ব্যক্তি আহত হয়। হাটহাজারী উপজেলার বিশ্ববিদ্যালয় স্কুল কেন্দ্রে ব্যারিকেড দেওয়ার চেষ্টা করিলে পুলিশ তাহা ব্যর্থ করিয়া দেয়।

লক্ষ্মীপুর জেলার ৬টি কেন্দ্রে মোট ৪ জন ছাত্রকে বহিষ্কার করা হইয়াছে। তবে গত বুধবার রাত্রে লক্ষ্মীপুর শহরে ধর্মঘটী শিক্ষকরা মিছিল বাহির করিলে পুলিশ ৮ জন শিক্ষক ও ২ জন ছাত্রকে গ্রেফতার করে।

ভোলার সংবাদদাতা জানান, জেলার দৌলতখান উপজেলা সদর বালিকা বিদ্যালয় কেন্দ্রে পরীক্ষা শুরুর ১ ঘণ্টা পর একদল শিক্ষক ও বহিরাগত ছাত্র পরীক্ষার হলে প্রবেশের চেষ্টা করিলে পুলিশের সহিত তাহাদের সংঘর্ষ বাধে। পুলিশ লাঠিচার্জ ও গুলীবর্ষণ করিলে ১ জন শিক্ষকসহ ৪ জন আহত হয়। গুলীবিদ্ধ নাজিমুল্লাহ কলেজের পিয়নের অবস্থা আশংকাজনক। সে বোনকে পরীক্ষা দেওয়াইতে লইয়া আসিয়াছিল।

রাজশাহীর সংবাদদাতা জানান, রাজশাহীর তানোর কেন্দ্রে ইউ এন ও একজন পরীক্ষার্থীর নকল ধরিলে বাহিরে অপেক্ষমাণ লোক ম্যাজিস্ট্রেট ও পুলিশের উপর ইটপাটকেল নিক্ষেপ শুরু করে। পুলিশ লাঠিচার্জ শুরু করিলে উভয় সংঘর্ষে ১ জন ম্যাজিস্ট্রেট ও ২ জন পুলিশসহ ৩০ জন আহত হয়। কেন্দ্রে বাংলা প্রথম পত্রের পরীক্ষা অনুষ্ঠিত হয় নাই।

চাঁপাইনবাবগঞ্জ জেলার গোমস্তাপুর উপজেলার রোহনপুর কেন্দ্রে কোন পরীক্ষা অনুষ্ঠিত হয় নাই। পরীক্ষা শুরুর প্রাক্কালে পরীক্ষা কেন্দ্রের বাহিরে শিক্ষকরা

(২য় পৃঃ দ্রঃ)